# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: مَا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةً لِوَقْتِهَا الْآخِرِ مَرَّتَيْنِ حَتَّى قَبَضَهُ اللَّهُ تَعَالَى. رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

৬০৮-[২২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ তা’আলা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দুনিয়া হতে উঠিয়ে নেয়ার আগ পর্যন্ত তিনি কোন সালাত (সালাত/নামায/নামাজ)কে এর শেষ ওয়াক্তে দু’বারও আদায় করেননি। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১৭৪, হাকিম ১/১৯০। ইমাম তিরমিযী যদিও হাদীসটি মুনক্বাতি‘ বলেছেন কিন্তু ইমাম হাকিম হাদীসটি মুত্তাসিল সূত্রে বর্ণনা করেছেন।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছু ওয়াক্ত সালাতকে এর শেষ ওয়াক্তে আদায় করেছিলেন। তবে এ ঘটনা তার মৃত্যু পর্যন্ত মাত্র একবার ঘটেছে। সেটা এমন যে, একবার এক ব্যক্তি তাঁর (রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর) নিকট সালাতের সময় সম্পর্কে জানতে চাইলে তিনি ওয়াক্তের শেষ সীমা বুঝাতে গিয়ে শেষ ওয়াক্তে তা আদায় করেছিলেন। অন্য হাদীসে জিবরীল (আঃ) এর ইমামতিতে যখন শেষ ওয়াক্তে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছিলে মর্মে যে বর্ণনা আছে, সেটাও ছিল তাঁর জিরবীল (আঃ) কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্তির উদ্দেশে মাত্র। তাই সে ঘটনা এ আলোচনায় আসবে না। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বদা প্রথম ওয়াক্তে সালাত আদায় করতেন। শেষ ওয়াক্তে আদায়ের ঘটনা বিরল। আর এর দ্বারাই এর বৈধতার কথা আসে। অন্য কিছু নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55165

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন